

# যুগান্তর

ড্রেসমেকিং ও টেইলারিং

## বিনামূল্যে ২৫০০ জনকে প্রশিক্ষণ

| প্রকাশ : ১১ আগস্ট, ২০১৬ ০০:০০:০০

ড্রেসমেকিং ও টেইলারিং শিল্পে দক্ষ জনশক্তি ও উদ্যোক্তা গড়ে তোলার উদ্যোগ নেয়া হয়েছে। বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের আওতায় আগামী তিন বছরে ড্রেসমেকিং অ্যান্ড টেইলারিং শিল্পে আড়াই হাজার নারী-পুরুষকে বিনামূল্যে প্রশিক্ষণ দেয়া হবে। প্রশিক্ষণার্থীদের মধ্যে যারা দক্ষতা দেখাতে পারবেন তাদের চাকরির ব্যবস্থা করে দেয়া হবে। সম্মানির পাশাপাশি মিলবে ব্যাংক ঋণ। এরই মধ্যে ১২৫ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এর মধ্যে ৭০ শতাংশ প্রশিক্ষণার্থীর চাকরি হয়েছে। বাকিদের গড়ে তোলা হয়েছে উদ্যোক্তা হিসেবে।

যোগ্যতা : আবেদনকারীকে এইচএসসি পাস হলেই চলবে। বয়স হতে হবে ১৫ থেকে ৪৫ বছরের মধ্যে। আবেদনের ক্ষেত্রে নারীদের অগ্রাধিকার দেয়া হবে। তবে পুরুষ প্রার্থীরাও আবেদন করতে পারবেন। প্রশিক্ষণার্থীদের ন্যূনতম ৮০ শতাংশ ক্লাসে উপস্থিত থাকতে হবে। প্রকল্পের প্রথম পর্যায়ে শুধু ঢাকা ও রাজশাহী বিভাগের জেলাগুলোতে প্রশিক্ষণ দেয়া হবে।

আবেদন পদ্ধতি ও বাছাই : প্রার্থীদের আবেদন করতে হবে প্রকল্পের নির্ধারিত ফরমে। আর এ আবেদন ফরম পাওয়া যাবে সংশ্লিষ্ট জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্রে। আবেদনপত্রের সঙ্গে শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধনের ফটোকপি ও চার কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে। প্রতি ব্যাচে নেয়া হয় ২৫ জন। যেসব জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্রে আবাসন সুবিধা আছে, সেখানে দেয়া হবে আবাসন সুবিধা। তবে প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে দেখা হবে প্রশিক্ষণের মাধ্যমে প্রার্থীর আত্মকর্মসংস্থান বা চাকরির মানসিকতা আছে কি-না!

হাতে-কলমে প্রশিক্ষণ : প্রশিক্ষণ দেয়া হবে অনেকটা হাতে-কলমে। যাতে করে প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণ শেষে তা প্রয়োগ করতে পারেন। প্রশিক্ষণের মেয়াদ তিন মাস। প্রতিটি ক্লাস ৪ ঘণ্টা করে। ব্যবহারিক প্রশিক্ষণ দেয়া হবে ৮০ শতাংশ। বাকিটা তাত্ত্বিক। এ খাতের মৌলিক বিষয়ে ধারণা দেয়া হবে। পোশাক তৈরির যাবতীয় বিষয়ে ব্যবহারিক বা সরাসরি কাজ শেখানো হবে। ব্যবহারিক প্রশিক্ষণ দেয়ার জন্য থাকবে সেলাই মেশিনসহ আধুনিক প্রশিক্ষণ সামগ্রী।

সম্মানী ও সনদ : প্রশিক্ষণের জন্য প্রার্থীর কাছ থেকে কোনো ফি নেয়া হবে না, বরং প্রশিক্ষণ শেষে সম্মানী দেয়া হবে। প্রশিক্ষণ শেষে একজন প্রার্থী পাবেন তিন হাজার টাকা। এ টাকা দেবে বাংলাদেশ ব্যাংক। এছাড়া দেয়া হবে প্রশিক্ষণ সনদ। প্রশিক্ষণ নেয়া কর্মীর তথ্য বিএমইটির জাতীয় দক্ষতা ডাটাবেজে অন্তর্ভুক্ত করা হবে। বাংলাদেশ থেকে প্রচুর দক্ষ পোশাক শ্রমিক নিয়ে থাকে অনেক দেশ। সেখান থেকে তারা বিভিন্ন দেশে কাজের সুযোগ পাবেন।

চাকরি ও ঋণ সুবিধা : প্রশিক্ষণে দক্ষতা দেখাতে পারলে মিলবে চাকরি। দক্ষদের চাকরি পাওয়ার ক্ষেত্রে সহযোগিতা করবে প্রতিষ্ঠান। এছাড়া নিজেরা দোকান বা ছোট কারখানা করতে চাইলে সহায়তা করা হবে। এছাড়া আগে থেকেই যাদের পোশাক তৈরির টেইলারিং দোকান বা কারখানা আছে, তাদের ব্যাংক ঋণ দেয়া হবে।

যোগাযোগ : প্রশিক্ষণের জন্য প্রার্থী আহ্বান করে শিগগিরই পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হবে। বিজ্ঞাপনে সংশ্লিষ্ট জেলা বা বিভাগের নাম উল্লেখ থাকবে। সংশ্লিষ্ট জেলা বা বিভাগের নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে সব তথ্য। এছাড়া ০২-৯৫৫৬৪৪৩ কিংবা ০১৭৩৩-৩৩৯৫৩৩ নম্বরে ফোন করে জানতে পারেন প্রয়োজনীয় তথ্য। এছাড়া বিস্তারিত জানতে [www.agweb.org.bd](http://www.agweb.org.bd) এই ওয়েবসাইটে চোখ বোলান। তো আছেই!

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত। পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০ E-mail: [jugantor.mail@gmail.com](mailto:jugantor.mail@gmail.com)

Print